*Salem Erode Investments Ltd*
CIN No. **L31200WB1931PLC007116**

Registered Office : 14, Motilal Nehru Road, Kolkata, West Bengal – 700004.
Corp. Office : V.K.K Building, Main Road, Irinjalakuda, Thrissur (Dist.), Kerala - 680121
salemerodeinvestmentsltd@gmail.com; cs@salemerode.com; Tel :+913324752834; +9104802828071;
Web: www.salemerode.com

To

The General Manager

BSE Ltd

P.J. Tower, Dalal Street, fort

Mumbai – 400001

**BSE Code : 540181**

**Sub : News Paper Advertisement for Notice to Shareholders for Postal Ballot**

Dear Sir,

With reference to above captioned subject please find enclosed herewith the newspaper Clipping of notice to shareholders for Postal Ballot, released on 22nd January, 2021 in the following newspapers.

| Sl. No. | Newspaper | Language |
|---|---|---|
| 01. | The Echo of India-Kolkata | English Newspaper |
| 02. | Arthik Lipi | Bengali Newspaper |

You are requested to please take on record our above said information for your reference and further needful.

Thanking you,

Your faithfully,


For **M/s. Salem Erode Investments Limited**

**Ms. Manisha N. Menon**
*Company Secretary*
*(Membership No.: A33083)*

**Place:** Irinjalakuda, Kerala
**Date :** 23.01.2021

Enclosed : As Above

# ওয়ার্ক ফ্রম সাইকেল ! অফিস কামাই না করেই দু'চাকায় মুম্বই থেকে কন্যাকুমারী পাড়ি তিন আরোহীর



**নয়াদিল্লি:** লকডাউনের মধ্যে বাড়িতে বসে অফিসের কাজ, পড়াশোনা, পরীক্ষা এইসব করতে করতে একপ্রকার অভ্যাসই হয়ে গেছে সকলের। এখন মুখে মুখে ঘুরছে ওয়ার্ক ফ্রম হোম শব্দগুচ্ছ। কিন্তু ওয়ার্ক ফ্রম সাইকেলের কথা একবারও ভেবেছেন কি! নিশ্চয়ই না। প্রথমেই মাথা নাড়িয়ে, সাইকেলে চেপে ঘুরতে ঘুরতে কাজ করা যে অসম্ভব, সে কথাই অধিকাংশ মানুষ বলবেন। কিন্তু এই অসম্ভবকেই সম্ভব করে দেখিয়েছেন তিন বন্ধু। নভেম্বর থেকে ডিসেম্বর পর্যন্ত এক মাসব্যাপী অ্যাডভেঞ্চারাস ট্রিপ করতে করতেই অফিসের কাজ সামলেছেন তাঁরা। না, অফিসের বস, সহকর্মীদের থেকে লুকিয়ে বেড়াতে যাননি। বরং তাঁদের জানিয়েই বাড়ি থেকে বেড়িয়েছিলেন তাঁরা। এই এক মাসের টুরে একদিনও ছুটি নেননি অফিসে। প্রতিদিন সহকর্মীরা ভীষণ সাহায্যও করতেন বলে জানিয়েছেন তাঁরা। কন্যাকুমারী পৌঁছনোর পর তাঁদের মতোই অফিসের সবাইও খুব আনন্দ পেয়েছিলেন। ব্যাকসেন জর্জ, অ্যালিন জোসেফ, রতিশ বালেরাও-এর বন্ধুত্বের বয়স দু'দশকের বেশি সময় ধরে। ছোট থেকেই ঘুরতে যেতে, অ্যাডভেঞ্চার করতে তাঁরা ভীষণ পছন্দ করেন। লকডাউনের মধ্যে ওয়ার্ক ফ্রম হোম করতে করতে দম-বন্ধ করা পরিবেশে তাঁদের মনের অবস্থা কেমন হয়েছিল, সে সম্পর্কে ভ্রমণপিপাসুরা কিছুটা হলেও আন্দাজ করতে পারবেন। হঠাত্ই এই আইডিয়া মাথায় আসে জর্জের। তিনিই জানিয়েছেন এর আগেও সাইকেল চালিয়ে বহু দূরদূরান্ত পর্যন্ত ঘুরতে যাওয়ার অভ্যাস তাঁর আছে। দুই বন্ধুকে জানানোর পরে, মাত্র দু'দিনের মধ্যে আগের বছর নভেম্বরে তাঁদের পথচলা শুরু হয়। ১৬০০ কিলোমিটার বেশি পথ সাইকেল চালিয়ে ডিসেম্বরে তাঁরা পা রাখেন কন্যাকুমারীতে। জর্জ আরও জানিয়েছেন, ভোরের আলো ফোটার আগেই বেড়িয়ে পড়তেন তাঁরা। ভোর ৪টে থেকে শুরু করতেন যাত্রা। ১১টার দিকে থেমে, অফিসের কাজ করতেন। তারপর আবার শুরু করতেন সাইকেল চালানো।

এভাবেই নানা জায়গায় ঘুরে বেড়িয়েছেন তাঁরা। অফিসের কাজের জন্য পথচলতি নানা ধাবা, হোটেলেও থাকতে হয়েছে তাঁদের। অন্যদিকে জোসেফ জানাচ্ছেন, তথাকথিতভাবে খুঁটিয়ে খুঁটিয়ে আমরা কোনও জায়গা দেখার সুযোগ পাইনি ঠিক। কিন্তু যতটুকু দেখেছি, তাতেই আমাদের মন ভরে গেছে। তিনি এও জানিয়েছেন, কখনও কখনও বৃষ্টি, প্রচণ্ড রোদে, গরমে কষ্ট তো হয়ই। ভয়ও থাকে। কিন্তু সেসব কিছুকে একপাশে রেখে আমরা সামনের দিকে এগিয়ে চলছিলাম শুধু।

জর্জ আরও জানিয়েছেন যে ল্যাপটপ, ফোন, আরও নানা ডিভাইসের কারণে ওজন বেড়ে যাওয়ায় সাইকেল চালাতে খানিকটা অসুবিধা হচ্ছিল তাঁদের। প্রথম থেকেই প্রতিদিন ৮০ কিলোমিটার করে পথ চলার টার্গেট নিয়ে এগোচ্ছিলেন তাঁরা। কম-বেশি তাইই হত। আর উইকেন্ডে, ছুটির দিনে তাঁরা সারাদিনই সাইকেলে করে ঘুরতেন বলে জানিয়েছেন জোসেফ। এভাবেই স্থানীয় মানুষদের জীবনযাত্রা, খাবারের স্টাইল, নানা কিছু তাঁরা জানতে পারছিলেন। আবার বালেরাও বলেছেন, সাইকেল চালাতে চালাতেই আমরা তিনজন খুব আড্ডা দিতাম। নিজেদের জীবনের সমস্যাগুলো নিয়েও কথা বলেছি সেইসময়। কখনও কখনও রাস্তায় থেমে বিশ্রাম নিয়েছি। ঘাসে পিঠ রেখে আকাশের দিকে তাকিয়ে শুয়ে থেকেছি। ধুলোময়লায় সারা শরীর ঢেকে গেলেও মনে মনে আমরা শান্তিতে ছিলাম। পুণে, সাতারা, হুবালি, বেঙ্গালুরু, সালিম, মাধুরি-র মতো নানা জায়গার পাশ দিয়েই তাঁরা গেছেন। ২৬ দিনের এই টুরে হোটেল, খাওয়া-দাওয়ার জন্য মাথাপিছু খরচ হয়েছে ২৫ হাজার টাকা। জর্জ জানিয়েছেন, কোভিড পরিস্থিতির কারণে কিছু কিছু হোটেল বন্ধ ছিল। আমাদের ঢুকতে দিচ্ছিল না কোনও কোনও হোটেলে। এইটুকু সমস্যা ছাড়া এটা আমাদের লাইফটাইম এক্সপেরিয়েন্স। এখানেই শেষ নয়। তিনি এও জানিয়েছেন, কোভিড পরিস্থিতির জন্যেই আমাদের স্বপ্ন যেন পূরণ হল। একদিনও অফিসে ছুটি না নিয়ে, সমস্ত কাজ সামলে, আমরা ঘুরে বেড়ালাম। এই ট্যুরের কথা আমরা কোনও দিন ভুলব না।

## 'হম তেজস্বী যাদব বোল রহে হ্যায় ডিএম সাব', ভাইরাল হল আরজেডি প্রধানের ফোন কল

**বিহার:** গত নভেম্বরে বিহারে এনডিএ জোটের কাছে পরাজিত হয়েছেন আরজেডি নেতা তেজস্বী যাদব। সম্প্রতি ফোনে তাঁর কথোপকথনের ভিডিও ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। তাতে অনেকের মনে হয়েছে, সরকারে না থাকলেও প্রশাসনের নানা স্তরে ব্যাপক প্রভাব রয়েছে তেজস্বীর। কিছুদিন আগে পাটনায় বিক্ষোভ দেখাচ্ছিলেন শিক্ষকরা। তাঁদের সমর্থন জানাতে গিয়েছিলেন তেজস্বী। তাঁকে বলা হয়, শিক্ষকরা যেখানে অবস্থান করতে চেয়েছিলেন, সেখানে তাঁদের বসতে অনুমতি দেওয়া হয়নি। তেজস্বী সঙ্গে সঙ্গে রাজ্যের মুখ্যসচিব, পুলিশ প্রধান ও পাটনার জেলাশাসকের সঙ্গে ফোনে কথা বলেন। শিক্ষকদের ওই নির্দিষ্ট জায়গায় বিক্ষোভ দেখাতে দেওয়ার অনুমতি আদায় করেন আরজেডি প্রধান। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা গিয়েছে, তেজস্বী বিক্ষোভস্থলে দাঁড়িয়ে পাটনার জেলাশাসক চন্দ্রশেখর সিং-এর সঙ্গে কথা বলছেন। তাঁকে ঘিরে রয়েছেন শিক্ষকরা। জেলাশাসক কী বলছেন, তা স্পিকারে শোনা যাচ্ছে। আরজেডি নেতা জেলাশাসককে প্রশ্ন করেন, শিক্ষকদের ধরনা দিতে অনুমতি দেওয়া হয়নি কেন? তাঁদের কি রোজ অনুমতি নিতে হবে। তিনি অভিযোগ করেন, শিক্ষকদের ওপরে লাঠিচার্জ করা হয়েছে। তাঁদের খাবার ফেলে দেওয়া হয়েছে। তাঁদের তাড়া করা হয়েছে। এখন ইকো পার্কে তাঁদের কয়েকজন আমার সঙ্গে দাঁড়িয়ে আছেন। আরজেডি বিধায়কের বক্তব্য, শিক্ষকরা তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে চেয়েছিলেন মাত্র। তিনি জেলাশাসককে বলেন, শিক্ষকদের আবেদন হোয়াটস অ্যাপের মাধ্যমে পাঠিয়ে দিচ্ছেন। জেলাশাসক বলেন, তিনি আবেদনটি দেখবেন। তাতে সন্তুষ্ট না হয়ে তেজস্বী বলেন, কব তক বাতাইয়ে। অর্থাৎ কখন জেলাশাসক আবেদনটি দেখবেন। তখন জেলাশাসক প্রশ্ন করেন, কব তক মিনিং? তখন আরজেডি নেতা বলেন, হম তেজস্বী যাদব বোল রহে হ্যায়। সঙ্গে সঙ্গে জেলাশাসকের গলার সুর পাল্টে যায়। তিনি বলেন, আচ্ছা স্যার স্যার স্যার। তেজস্বী তখন বলেন, আমি আপনাকে হোয়াটস অ্যাপের মাধ্যমে একটা টেক্সট পাঠাচ্ছি। আপনি তাড়াতাড়ি সিদ্ধান্ত নিন। আমরা রাতে অবস্থান শুরু করব। এই বলে আরজেডি নেতা ফোন কেটে দেন। এই ভিডিওটি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেন প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর ঘনিষ্ঠ সুধীন্দ্র কুলকার্নি। তিনি সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, এই ভিডিওটি সবাই শেষ অবধি দেখুন। তাহলে বুঝতে পারবেন, কেন তেজস্বী যাদব দ্রুত একজন জননেতা হিসাবে উঠে আসছেন।

**K I C METALIKS LIMITED**
CIN: L01409WB1986PLC041169
Regd. Office: "Sir RNM House" 3B, Lal Bazar Street, 4th Floor, Room No. 2, Kolkata -700 001
Tel.: +91-33-2210 3301; Fax: +91-33-4001-9636
E-mail id: info@kicmetaliks.com; Website: www.kicmetaliks.com

**NOTICE**

NOTICE is hereby given pursuant to Regulation 29 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a meeting of the Board of Directors of the Company will be held at the Registered Office at "Sir RNM House", 3B, Lal Bazar Street, 4th Floor, Room No. 2, Kolkata – 700 001 on Friday, January 29, 2021 to, inter alia, consider, approve and take on record the Standalone and Consolidated Unaudited Financial Results of the Company for the quarter ended December 31, 2020.

Further, in accordance with the SEBI (Prevention of Insider Trading) Regulations, 2015 and the Company's Code of Conduct for Prevention of Insider Trading, the Trading Window for dealing in the Company's securities was closed from January 1, 2021 and will open 48 hours after the above said Financial Results are declared to the Stock Exchange.

This notice is also available on Company's website www.kicmetaliks.com and the website of the Stock Exchange, www.bseindia.com.

For K I C Metaliks Ltd.
Sd/-
Company Secretary

Date : 20.01.2021
Place : Kolkata

## সাত দিনে দৈনিক সংক্রমণ ২০ হাজারের নীচেই, ৮ লাখের বেশি স্বাস্থ্যকর্মী টিকা পেয়েছেন দেশে

**নয়াদিল্লি:** দৈনিক সংক্রমণের পাল্লা আর বিশেষ বাড়েনি। ২০ হাজারের নীচেই আটকে আছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, গত সাত দিনে দৈনিক বৃদ্ধি কম। গত ২৪ ঘণ্টায় নতুন সংক্রমণ ধরা পড়েছে ১৫ হাজারের কাছাকাছি। করোনা অ্যাকটিভ কেসও ২ লাখের নীচে নেমে গেছে। দেশে এখন ভাইরাস সক্রিয় রোগীর সংখ্যা ১ লাখ ৯২ হাজার। নতুন বছরের শুরু থেকেই সংক্রমণের হার আরও কমেছে দেশে। করোনার নতুন স্ট্রেনে আক্রান্তদের সংখ্যা একশোর ছাড়ালেও সংক্রমণ বেশিজনের মধ্যে ছড়িয়ে পড়েনি, এটাই স্বস্তি। দৈনিক সংক্রমণ ১৫ থেকে ১৭ হাজারের মধ্যেই ঘোরাফেরা করছে। অ্যাকটিভ কেসের হার ১.৮৬ শতাংশে নেমে গেছে। করোনায় মৃত্যুও কম। গত ২৪ ঘণ্টায় সংক্রমণে মৃতের সংখ্যা ১৫১ জন। স্বাস্থ্যমন্ত্রক জানাচ্ছে, সুস্থতার হার বাড়ছে দেশে। এক কোটির বেশি করোনা রোগী সংক্রমণ সারিয়ে উঠেছেন। সুস্থতার হার ৯৬.৭। কোভিড টিকাকরণ জোর কদমেই চলছে। আজ অবধি ৮ লাখ ৬ হাজার ৪৮৪ জন স্বাস্থ্যকর্মী টিকার ডোজ পেয়েছেন।

## দুই ছাত্রীর গণধর্ষণ, একজনকে জ্যান্ত কবর, অন্যজনকে কুপিয়ে ফেলা হল রেললাইনে, তোলপাড় মধ্যপ্রদেশে

**মধ্যপ্রদেশ:** ভয়ঙ্কর ঘটনা মধ্যপ্রদেশে। রাজ্যের দুই জায়গায় দুই ছাত্রীকে গণধর্ষণ করে খুনের চেষ্টা করা হল। কিন্তু আশ্চর্যজনকভাবে বেঁচে গিয়েছে দু'জনেই। ঘটনার বীভৎসতায় তোলপাড় শুরু হয়েছে রাজ্যজুড়ে। ১৪ বছরের এক কিশোরী ও ১৯ বছরের এক কলেজ ছাত্রী গণধর্ষণের শিকার হয়েছে। বছর চোদ্দর মেয়েটাকে ধর্ষণের পরে ইট দিয়ে মাথা থেঁতলে মাটিতে জ্যান্ত পুঁতে ফেলা হয়। কিন্তু পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের তত্পরতায় প্রাণে বেঁচে যায় মেয়েটি। কলেজ পড়ুয়া তরুণীকে গণধর্ষণ করে ছুরি দিয়ে কোপায় অভিযুক্তরা। রক্তাক্ত দেহ বস্তায় ভরে ফেলে দেওয়া হয় রেললাইনে। সেখান থেকেও প্রাণে বেঁচে ফেরে মেয়েটি। স্কুল পড়ুয়া মেয়েটির বাড়ি বেতুল গ্রামে। ক্ষেতে কাজ করার সময় মোট বন্ধ করতে গিয়েছিল মেয়েটি। সেই সময় তার ওপর ঝাঁপিয়ে পড়ে অভিযুক্তরা। নির্মম নির্যাতন চালানো হয়। মেয়েটি আর্তনাদ করতে থাকলে তার মাথা ইট দিয়ে থেঁতলে দেওয়ার চেষ্টা করে অপরাধীরা। এরপরে মেয়েটির শরীরের ওপর মাটি, পাথর ফেলে চাপা দিয়ে পালিয়ে যায় অভিযুক্তরা। পুলিশ জানিয়েছে, মেয়েটির খোঁজ করার সময় ক্ষেতের ধারে একটি মাটি, পাথরের স্তূপ থেকে কান্নার শব্দ ভেসে আসতে শোনা যায়। পাথরের চাঙর সরাতেই দেখা যায় ক্ষতবিক্ষত অবস্থায় এক কিশোরী পড়ে রয়েছে। তার মাথা ফেটে রক্ত বের হচ্ছে। হাসপাতালে নিয়ে গেলে ধর্ষণের প্রমাণ মেলে। ধর্ষণের অভিযোগে মহেন্দ্র সিং নামে এক স্থানীয় যুবককে গ্রেফতার করেছে পুলিশ। তার বয়স ৩৫ বছর। ভারতীয় দণ্ডবিধির একাধিক ধারায় মামলা দায়ের করা হয়েছে। তফসিলি জাতি, উপজাতি নিরাপত্তা আইনেও মামলা রুজু হয়েছে। পুলিশ জানিয়েছে, নির্যাতিতা কিশোরীর অবস্থা সঙ্কটজনক। তাঁর গোপনাঙ্গে গভীর আঘাতের চিহ্ন রয়েছে, গাল, থুতনিতে ক্ষত হয়ে গেছে। প্রথমে স্থানীয় হাসপাতালেই চিকিৎসা চলছিল, এখন নাগপুর মেডিক্যাল কলেজে মেয়েটিকে নিয়ে যাওয়া হয়েছে। ইনদওরে ১৯ বছরের কলেজ পড়ুয়া এক তরুণীকে গণধর্ষণের পরে নির্মম ভাবে ছুরি দিয়ে কোপায় অভিযুক্তরা। নির্যাতিতা তার বয়ানে জানিয়েছে, ঘটনায় জড়িত তারই প্রাক্তন প্রেমিক ও প্রেমিকের বন্ধুরা। নন্দীগ্রামে একটি ফাঁকা ফ্ল্যাটে নিয়ে গিয়ে মেয়েটিকে ধর্ষণ করা হয়। নির্যাতিতা পুলিশে খবর দেওয়ার কথা বললে, তাকে ছুরি দিয়ে আঘাত করতে থাকে অভিযুক্তরা। রক্তাক্ত মেয়েটি জ্ঞান হারালে তাকে বস্তায় ভরে ভাগীরথপুরা রেললাইনে ওপর ফেলে পালায় অভিযুক্তরা। জ্ঞান আসার পরে মেয়েটি চিত্কার শুরু করলে স্থানীয়রাই তাকে উদ্ধার করে এমওয়াই হাসপাতালে নিয়ে যায়। ইনদওরে পুলিশের এক শীর্ষ আধিকারিক শশীকান্ত কানকানে বলেছেন, মেয়েটির শরীরে কয়েকবার ছুরি বেঁধানো হয়েছে। সারা শরীরে গভীর ক্ষত রয়েছে। মেয়েটি কোচিং ক্লাসে যাচ্ছিল। সেখান থেকে তাকে বাইকে করে তুলে নিয়ে যাওয়া হয়েছিল। অভিযুক্তদের একজনকে পাকড়াও করা হয়েছে। তাকে জেরা করা চলছে।

মধ্যপ্রদেশে শিবরাজ সিং চৌহানের সরকার মেয়েদের নিরাপত্তায় সম্মান দুই ছাত্রীর গণধর্ষণ, একজনকে জ্যান্ত কবর, অন্যজনকে কুপিয়ে ফেলা হল রেললাইনে, তোলপাড় মধ্যপ্রদেশে প্রচার প্রকল্প শুরু করেছে। তার মধ্যেই এমন ভয়ঙ্কর ঘটনা সামনে এল। রাজ্যে মেয়েদের নিরাপত্তা নিয়েও প্রশ্ন উঠেছে।

## 'ভয় নেই টিকা সবাই পাবে, গরিব দেশগুলিতেও পৌঁছে দেওয়া হচ্ছে', ভরসা দিল হু

**নয়াদিল্লি:** বিশ্বের সমস্ত করোনা আক্রান্ত দেশগুলিই প্রতিষেধক পাবে। টিকার দুটি করে ডোজ পাবে সবাই, এমনই আশ্বাস দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। পৃথিবীর বৃহত্তম ভ্যাকসিনবন্টনকর্মসূচী কোভ্যাক্সের আওতায় থাকা দেশগুলি তো বটেই, উন্নয়নশীল ও গরিব দেশগুলিতেও টিকার ডোজ পৌঁছে দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন হু-র সহকারী ডিরেক্টর জেনারেল মারিয়ানগেলা সিমাও। রাষ্ট্রপুঞ্জের সম্মেলনে সিমাও বলেছেন, বিশ্বের ৫০টি দেশে করোনার টিকাকরণ শুরু হয়েছে। এর মধ্যে ৪০টি দেশ অর্থনৈতিকভাবেউন্নত। তারাবিপুল খরচ করে টিকার ডোজ কিনে নিতে পেরেছে। তবে পিছিয়ে পড়া ও অনুন্নত দেশগুলিতেও টিকার বন্টন চলছে। কোভ্যাক্স প্রকল্পে সব দেশেই টিকা পৌঁছে দেওয়া হবে। টিকার বিতরণের জন্য বিশ্বের নানা দেশকে জুড়ে গ্লোবাল কমিটি বানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। এর নাম কোভিড ভ্যাকসিন গ্লোবাল অ্যাকসেস তথা কোভ্যাক্স। এর উদ্দেশ্য হল চাহিদা অনুযায়ী সব দেশেই করোনার টিকা পৌঁছে দেওয়া, বিশেষত যে দেশগুলিতেসংক্রমণেরহারওমৃত্যু বেশিতাদেরকেঅগ্রাধিকার দেওয়া। কোভ্যাক্সের নেতৃত্বে আছে হু। তাদেরসঙ্গেভ্যাকসিনবন্টনব্যবস্থার তত্ত্বাবধান করবে কোয়ালিশন ফর এপিডেমিক প্রিপেয়ারডনেস ইনোভেশন ও আন্তর্জাতিক ভ্যাকসিন নিয়ন্ত্রক সংস্থা গাভি। ভারত, নরওয়ে, বিল ও মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের উদ্যোগে তৈরি হয়েছে কোয়ালিশন ফর এপিডেমিক প্রিপেয়ারডনেস ইনোভেশন। অন্যদিকে, বিশ্বজুড়ে বিভিন্ন বেসরকারি সংস্থা, উদ্যোগপতিদের সাহায্যে গরিব ও পিছিয়ে পড়া দেশগুলিতে টিকা পৌঁছে দেওয়ার দায়িত্বে রয়েছে গাভি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ, ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে যোগ রেখেই কাজকরেগাভি।

**IL&FS TRANSPORTATION NETWORKS LIMITED**

**E AUCTION NOTICE FOR SALE OF VEHICLES**

Registration / Letter of Interest are invited from interested buyers for purchase of vehicles strictly on **"as is where is basis"**.

**The vehicles for sale are located at** (i) Ahmedabad; (ii) Gurugram; (iii) Nashik; (iv) Jaipur, (v) Moradabad; (vi) Mumbai; (vii) Rajkot; (viii) Belgaum; (ix) Durgapur; (x) Guwahati; (xi) Hyderabad; (xii) Ranchi; (xiii) Trivandrum; (xiv) Chenani & (xv) (J&K)

The vehicles are available for inspection between January 23, 2021 and February 2, 2021 from 9:00 AM to 5:00 PM after taking prior appointment.

The details of the vehicles and catalogue is available on the website: http://www.itnlindia.com/ad.html# or contact

**Jyoti Nayak Mobile: +91-8336939633/ Kiran More on Mobile; +91-9820314649**

**হিলটন ট্রেডিং কোম্পানি লিমিটেড**
৪৫এ, আদ্য শ্রাদ্ধ ঘাট রোড, (তৃতীয় তল)
কলকাতা-৭০০০০৭
CIN:L51219WB1982PLC035365

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় চুক্তির ৪১ ধারা অনুসারে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য কোম্পানির রেজিস্টার্ড অফিস ৪৫এ, আদ্য শ্রাদ্ধ ঘাট রোড, কলকাতা-৭০০০০৭ ঠিকানায় শুক্রবার ২৯ জানুয়ারি, ২০২১ তারিখে বিকেল ৩.০০টে অনুষ্ঠিত হবে।

হিলটন ট্রেডিং কোম্পানি লিমিটেডের পক্ষে
কলকাতা — যশ আগরওয়াল
তারিখ:২২.০১.২০২১ — ডিরেক্টর

**রেডিয়ান্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড**
রেজি অফিস:পি-৩৫৫, কেয়াতলা রোড, কলকাতা-৭০০০২৯
Phone No:4064 8252, E-mail:rfsl@rediffmail.com
CIN:L65991WB1991PLC053192
Visit us at:www.radiantfinancialservices.com

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয়মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য কোম্পানির রেজিস্টার্ড অফিসে সোমবার ১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে পরিচালকমণ্ডলীর একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত তথ্য দেখা যাবে কোম্পানির ওয়েবসাইটে।

রেডিয়ান্ট ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের পক্ষে
স্বা/-
তারিখ:২১.০১.২০২১ — মীনাক্ষি গুপ্তা
স্থান: কলকাতা — কোম্পানি সেক্রেটারি

**P.K.LEASING & FINANCE LTD.**
CIN : L65910WB1992PLC055895
Regd. Office : P-36 India Exchange Place, 4th Floor, Kolkata-700 001, (W.B.)

**NOTICE**

Pursuant to Regulation 29 of SEBI (LODR) Regulation, 2015, NOTICE is hereby given that the meeting of Board of Directors of the Company will be held on **Monday 1st February 2021 at 01.00 P.M.** in registered office of the company to consider and approve the Unaudited Financial Results for the 3rd Quarter ended on 31st December, 2020

By Order of the Board
For **P.K.Leasing & Finance Ltd.**
Sd/-
Place : Kolkata — **Anil Agarwal**
Date : 21-01-2021 — **Managing Director**

## ৫০ হাজারের ঘরে পৌঁছে ইতিহাস গড়ল সেনসেক্স, নিফটিও ছাড়াল ১৪ হাজার

**নয়াদিল্লি:** ২৪ হাজার ৭১৩ কোটি টাকায় ফিউচার গ্রুপের খুচরো ব্যবসা কিনছে রিলায়েন্স। অ্যামাজন এই বিজনেস ডিলে বাধা দিয়েছিল। কিন্তু তাদের আপত্তি না শুনে সেবি রিলায়েন্সকে ফিউচার গ্রুপের সম্পত্তি কিনতে অনুমতি দিয়েছে। তারপরই বৃহস্পতিবার সেনসেক্স পৌঁছাল রেকর্ড উচ্চতায়। দিনের শুরুতেই সেনসেক্স ৩৩৫ পয়েন্ট উঠে পৌঁছে যায় ৫০১২৬.৭৩-এর ঘরে। অপর শেয়ার সূচক নিফটিও ৫০ পয়েন্ট উঠে ১৪৭০০-র ঘরে পৌঁছে যায়। এশিয়ার অন্যান্য দেশেও এদিন শেয়ার সূচক পৌঁছেছে রেকর্ড উচ্চতায়। আমেরিকায় নতুন প্রেসিডেন্ট হিসাবে জো বাইডেন শপথ নেওয়ার পরে বিনিয়োগকারীরা মনে করছেন, শীঘ্রই আর্থিক প্যাকেজ ঘোষণা করা হবে। করোনা অতিমহামারীর ধাক্কায় বিধ্বস্ত মার্কিন অর্থনীতি তাতে চাঙ্গা হবে। বিনিয়োগকারীদের এই আশার ওপরে ভর করেই উঠতে শুরু করেছে সূচক।

ভারতেও বিভিন্ন কর্পোরেট সংস্থার উপার্জন বেড়েছে। আশা করা হচ্ছে বাজেটে বড় ধরনের সংস্কারের কথা ঘোষণা করা হবে। বিদেশি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরাও ভারতের বাজারে বিনিয়োগে আগ্রহ দেখাচ্ছেন।

নিফটির অন্তর্ভুক্ত শেয়ারগুলির মধ্যে বাজাজ ফিনান্সের দাম বেড়েছে তিন শতাংশ। এছাড়া টাটা মোটর্স, ইউপিএল, বাজাজ ফিনসার্ভ, ইন্ডাসইন্ড ব্যাঙ্ক, রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ, এইচসিএল টেকনোলজিস, ইচার মোটর্স, হিরো মোটোকর্প, শ্রী সিমেন্ট, ডক্টর রেড্ডিজ ল্যাব এবং উইপ্রোর শেয়ারের দাম বেড়েছে এক থেকে ৩.৫ শতাংশ। অন্যদিকে আদানি পোর্টস, টিসিএস, এইচডিএফসি, টাটা স্টিল, গেইল ইন্ডিয়া, জেএসডব্লু স্টিল, ভারত পেট্রোলিয়াম এবং এইচডিএফসি ব্যাঙ্কের শেয়ারের দাম কমেছে। গত ডিসেম্বরে জানা যায়, করোনার ধাক্কা সামলে দ্রুত ঘুরে দাঁড়াচ্ছে ভারতের অর্থনীতি। নভেম্বরের শেষে জানা যায়, গত জুলাই থেকে সেপ্টেম্বর মাসের মধ্যে ভারতের মোট জাতীয় উত্পাদন (জিডিপি) সংকুচিত হয়েছে ৭.৫ শতাংশ হারে। এর আগের ত্রৈমাসিকে জিডিপির সংকোচন হয়েছিল ২৩.৯ শতাংশ। অর্থাত্ এপ্রিল থেকে জুন মাসের ত্রৈমাসিকের চেয়ে জুলাই থেকে সেপ্টেম্বর মাসে জিডিপি সংকোচনের হার কমেছে। কিন্তু পরপর দুটি ত্রৈমাসিকে জিডিপি সংকুচিত হওয়ায় ধরে নেওয়া হচ্ছে, মন্দার কবলে পড়েছে ভারতের অর্থনীতি। অর্থনীতিবিদরা আশঙ্কা করেছিলেন, চলতি আর্থিক বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে জিডিপির সংকোচন হবে ৮.৮ শতাংশ। বাস্তবে অর্থনীতির অবস্থা অত খারাপ হয়নি। প্রথম ত্রৈমাসিকে লকডাউনে সব বন্ধ ছিল। দ্বিতীয় ত্রৈমাসিকে আনলক পর্ব শুরু হয়।

ব্যবসা-বাণিজ্য ও অন্যান্য অর্থনৈতিক কার্যকলাপ ধীরে ধীরে বাড়তে থাকে। ফলে জিডিপির সংকোচন হয়েছে কম হারে। অর্থনীতিবিদদের একাংশ মনে করছেন, ডিসেম্বরে শেষ হওয়া ত্রৈমাসিকে জিডিপির সংকোচনের হার আরও কমবে। তখন মোট জাতীয় উত্পাদন সংকুচিত হবে তিন শতাংশ। আর্থিক বছরের শেষ ত্রৈমাসিকে জিডিপি সংকুচিত হবে ০.৫ শতাংশ। সামগ্রিকভাবে ২০২০-২১ সালের আর্থিক বছরে অর্থনীতি সংকুচিত হবে সম্ভবত ৮.৭ শতাংশ। সেক্ষত্রে ধরে নিতে হবে গত চার দশকে চলতি আর্থিক বছরেই সবচেয়ে খারাপ অবস্থা হয়েছে ভারতীয় অর্থনীতির।

**ইমামি ফ্র্যাঙ্ক রস লিমিটেড**
CIN:L24232WB1919PLC003123
**রেজি অফিস: ৭ জওহরলাল নেহরু রোড কলকাতা-৭০০০১৩**
Tel:(033) 2228 6042/0066/0067; Email: info@frankrosspharmacy.com; website:www.frankrosspharmacy.com

**পোস্টাল ব্যালটের ফলাফল**

২০১৩ সালের কোম্পানি আইনের ১১০ ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় কোম্পানির (পরিচালন এবং প্রশাসন) রুলস ২০১৪ অনুসারে সংশোধিত, শেয়ারহোল্ডারদের মতামত জানানোর জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে (ই-ভোটিং যুক্ত আছে) স্বেচ্ছায় কোম্পানির ইক্যুইটি শেয়ার দি কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেড থেকে অর্থাৎ কেবলমাত্র স্টক এক্সচেঞ্জে যেখানে ইক্যুইটি শেয়ার নথিভুক্ত আছে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ডিলিস্টিং অফ ইক্যুইটি শেয়ারস) রেগুলেশন ২০০৯ অনুসারে সংশোধিত (এখানে **ডিলিস্টিং রেগুলেশন** বলে উল্লিখিত) এ ব্যাপারে নির্দিষ্ট পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি ১৮.১২.২০২০ তারিখে জারি করা হয়েছে। এর সঙ্গে পঠনীয় বিশেষ প্রস্তাব এবং ব্যাখ্যামূলক বিবরণী পাঠানো হয়েছে।
শ্রী গৌতম জাটিয়া (ডিআইএন:০০৬০৪৯২৬), কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর পোস্টাল ব্যালটের ফলাফল ঘোষণা করেছেন যার রিপোর্ট তারিখ ২১.০১.২০২১ স্ক্রুটিনাইজার পেশ করেছেন শ্রী অজয় কুমার আগরওয়াল, কোম্পানির প্র্যাক্টিসিং সেক্রেটারি (মেম্বারশিপ নম্বর এফ৭৬০৪, সিপি নং.১৩৪৯৩), যা ২০১৩ সালের কোম্পানি আইন অনুসারে নিযুক্ত করা হয়েছে এবং ফলাফল নিম্নরূপ:

**গৃহীত পোস্টাল ব্যালট ভোটের সংক্ষিপ্তসার:**

| ক্রম নং | প্রদত্ত ভোট | ব্যক্তিগত ব্যালট | ইলেকট্রনিক ভোট | মোট বৈধ ভোটের সংখ্যা | বকেয়া শেয়ারের প্রদত্ত ভোটের শতাংশ |
|---|---|---|---|---|---|
| ১. | পক্ষে | - | ২০৬৬৩৩৭ | ২০৬৬৩৩৭ | ৯৯.২১ |
| ২. | বিপক্ষে | ০ | ০ | ০ | ০ |
| | মোট | - | ২০৬৬৩৩৭ | ২০৬৬৩৩৭ | ৯৯.২১ |

| প্রস্তাবের প্রয়োজনীয়তা (সাধারণ/বিশেষ) | কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেড থেকে সিকিউরিটিজ ডিলিস্টিংয়ের বিষয়ে বিশেষ প্রস্তাব |
|---|---|
| প্রমোটার/প্রমোটার গ্রুপ এজেন্ডা/প্রস্তাবের উপরে ইচ্ছুক? | হ্যাঁ |

| শ্রেণি বিভাগ | শেয়ারের সংখ্যা | ভোটিংয়ের ধরন | প্রদত্ত ভোটের সংখ্যা | বকেয়া প্রদত্ত ভোটের শেয়ারের শতাংশ | ভোটের সমর্থনের সংখ্যা | ভোটের বিপক্ষের সংখ্যা | প্রদত্ত ভোটের পক্ষের সংখ্যা | প্রদত্ত ভোটের বিপক্ষের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রোমোটার এবং প্রোমোটার গ্রুপ | ১৫৫৯৮০০ | ব্যক্তিগত ব্যালট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | ই-ভোটিং | ১৫৫৯৮০০ | ১০০ | ১৫৫৯৮০০ | ০ | ১০০ | ০ |
| উপ মোট (ক) | ১৫৫৯৮০০ | | ১৫৫৯৮০০ | ১৫৫৯৮০০ | ১৫৫৯৮০০ | ০ | ১০০ | ০ |
| পাবলিক ইনস্টিটিউশন | ৩৩০ | ব্যক্তিগত ব্যালট | - | - | - | - | - | - |
| | | ই-ভোটিং | - | - | - | - | - | - |
| উপ মোট (খ) | ৩৩০ | | - | - | - | - | - | - |
| পাবলিক শেয়ারহোল্ডার্স | ৫২২৫৭৭ | ব্যক্তিগত ব্যালট | ৩০ | - | ৩০ | - | ১০০ | - |
| | | ই-ভোটিং | ৫০৬৫০৭ | ৯৬.৯৩ | ৫০৬৫০৭ | - | ১০০ | - |
| উপ মোট (গ) | ৫২২৫৭৭ | | ৫০৬৫৩৭ | ৯৬.৯৩ | ৫০৬৫৩৭ | - | ১০০ | - |
| মোট | ২০৮২৭০৭ | | ২০৬৬৩৩৭ | ৯৯.২১ | ২০৬৬৩৩৭ | - | ১০০ | - |

দ্রষ্টব্য:
১. পাবলিক শেয়ারহোল্ডার এবং প্রোমোটার শেয়ারহোল্ডারের শর্ত অনুসারে ডিলিস্টিং রেগুলেশনের অধীনে।
২. মোট বৈধ প্রদত্ত পাবলিক শেয়ারহোল্ডার প্রস্তাবের পক্ষে বৈধ ভোট প্রদত্ত হয়েছে পাবলিক শেয়ারহোল্ডারদের দ্বিগুন সমর্থনে ডিলিস্টিং শেয়ারহোল্ডারদের রেগুলেশনের অধীনে।
সেই কারণে পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি ১৮.১২.২০২০ তারিখে জারি করা হয়েছিল তা পাস হয়েছে **সংখ্যাধিক্য সদস্যের সমর্থনে ডিলিস্টিং রেগুলেশনের ৮(১)(খ)-এর অধীনে।**

ইমামি ফ্র্যাঙ্ক রস লিমিটেডের পক্ষে
স্বা/-
গৌতম জাটিয়া
ম্যানেজিং ডিরেক্টর
ডিআইএন:০০৬০৪৯২৬
তারিখ:২১ জানুয়ারি, ২০২১
স্থান: কলকাতা

**সালেম এরোড ইনভেস্টমেন্টস লিমিটেড**
CIN: L31200WB 1931PLC007116
রেজিস্টার্ড অফিস : ১৪ মতিলাল নেহরু রোড, কলকাতা পশ্চিমবঙ্গ-৭০০০২৯
Website: www.salemerode.com,
E-mail : salemerodeinvestmentsltd@gmail.com
Tel: +91 332475834
বাণিজ্যিক অফিস : ভি.কে.কে, বিল্ডিং, মেইন রোড, ইরিনজালাকুডা, ত্রিশূর, কেরালা-৬৮০১২১
Tel: 0480-2828071, +91 859000342

**পোস্টাল ব্যালটের বিজ্ঞপ্তি**

২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮, ১১০ ধারা অনুসারে বিজ্ঞাপিত করা হচ্ছে, এর সঙ্গে পঠনীয় কোম্পানির (পরিচালন এবং প্রশাসন রুল) ২০১৪ (দি রুলস) বিধিবদ্ধ সংশোধনী অথবা এই সময়কালের মধ্যে সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ (ক্ষেত্রীয় রেগুলেশন), সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড-২ অনুসারে ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ার (এসএস-২)-এর তরফে জারি করা হয়েছে সাধারণ সার্কুলার নং.১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল, ২০২০, সাধারণ সার্কুলার নং.১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ এবং সাধারণ সার্কুলার নং.৩৯/২০২০, তারিখ ৩১ ডিসেম্বর, ২০২০ (এমসিএ সার্কুলার অনুসারে) এবং অন্যান্য কার্যকরী আইন ও রেগুলেশন যদি কিছু থাকে তবে তা কোম্পানির সদস্যদের পোস্টাল ব্যালটের মাধ্যমে (রিমোট ই-ভোটিং ব্যবস্থার মাধ্যমে) ব্যবসায়িক পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ১৮ জানুয়ারি, ২০২১ তারিখে, সদস্যদের মতামত জানার জন্য এর সঙ্গে ব্যাখ্যামূলক বিবরণীও পাঠানো হয়েছে।

**বিশেষ ব্যবসায় :**
১) মেসার্স মোহনদাস অ্যান্ড অ্যাসোসিয়েটস, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস-কে কোম্পানি বিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে নিয়োগ এবং তাদের ভাতা নির্ধারণ।
২) কোম্পানির নতুন আর্টিক্যালস অফ অ্যাসোসিয়েশনের অন্তর্ভুক্তি।
৩) ঋণের সর্বোচ্চ সীমা অনুমোদন।
৪) বন্ধকীকৃত অথবা সম্পত্তি অধিগ্রহণের বিষয়ে সিদ্ধান্ত।
৫) বিনিয়োগ, ঋণ, জামিদার এবং অন্যান্য বিষয়ে ২০১৩ সালের কোম্পানি আইনের ১৮৬ ধারা অনুসারে সীমা নির্ধারণ।
৬) সুরক্ষিত অপরিবর্তিত ডিবেঞ্চার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত।

কোম্পানির তরফ থেকে সিডিএসএল-এর মাধ্যমে ইলেকট্রনিক্স মেথডে অর্থাৎ রিমোট ই-ভোটিং সুবিধার মাধ্যমে ভোটদানের সুবিধা প্রদান করা হয়েছে আইনের ১০৮ ও ১১০ ধারা অনুসারে ও ক্ষেত্রীয় চুক্তির রেগুলেশন ৪৪ মোতাবেক।
কোম্পানির তরফ থেকে পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি এবং এর সঙ্গে ব্যাখ্যামূলক বিবরণী বৃহস্পতিবার ২১ জানুয়ারি, ২০২০ তারিখে সদস্যদের ই-মেল আইডিতে কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ডিপোজিটারি পার্টিসিপ্যান্টসের মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়েছে যার কাট অফ তারিখ নির্ধারণ করা হয়েছে ১৫ জানুয়ারি, ২০২১ তারিখে (কাট অফ তারিখ)। চলতি অতিরিক্ত সাধারণ বিষয় কোভিড-১৯ অতিমারীর কারণে সামাজিক দূরত্ববিধি বজায় রাখার প্রয়োজনীয়তার কথা এমসিএ সার্কুলারে জানানো হয়েছিল। সেইমতো পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তির সঙ্গে পোস্টাল ব্যালট ফর্ম এবং জবাবী খামে ডাক খরচ সহ সদস্যদের কাছে পাঠানো হয়েছে। প্রস্তাবের উপরে তাদের সমর্থন অথবা বিরোধিতার কথা জানানোর জন্য।
যে সমস্ত সদস্যরা তাদের ই-মেল আইডি এখনও নথিভুক্ত করাননি, সেই সমস্ত সদস্যদের ই-ভোটিং/পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে অন্যদের নিকি টেকনোলজিস প্রাইভেট লিমিটেডের তরফে পাঠানো হয়েছে, যার ই-মেল আইডি : nichetechpl@nichetechpl.com or cs@salemerode.com.-এ এবং কার্যকরী প্রক্রিয়া সফলভাবে সদস্যদের কাছে পাঠানো হয়েছে সবক'টি মাধ্যমে যাতে ইউজার আইডি এবং পাসওয়ার্ড উল্লেখ রয়েছে। বিজ্ঞপ্তির শর্তাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট: www.salemerode.com এবং সিডিএসএল-এর ওয়েবসাইট :www.evotingindia.com.-এ। এছাড়াও কোনও জিজ্ঞাস্য থাকলে সদস্যরা জানাতে পারেন nichetechpl@nichetechpl.com or cs@salemerode.com.-এ।
ই-ভোটিং শুরু হবে সোমবার ২৫ জানুয়ারি, ২০২১ (সকাল ১০.০০টায়) এবং শেষ হবে মঙ্গলবার ২৩ ফেব্রুয়ারি, ২০২১ (বিকেল ৫.০০টায়)। এছাড়াও সদস্যরা ব্যক্তিগতভাবে ডিম্যাট ফর্মে তাদের ভোট ইলেকট্রনিক মাধ্যমে দিতে পারেন। ই-ভোটিং মডিউল উক্ত তারিখ ও সময়ের পরে বৈধ বলে গণ্য হবে না। একবার ভোট সদস্যরা প্রদান করলে তা আর পরিবর্তন করতে পারবেন না। পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি সদস্যরা কাট-অফ তারিখের পরে যুক্ত হয়ে থাকলেও ভোট দিতে পারবেন।
সদস্যদের ভোটের অধিকার আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধনের উপরে কাট-অফ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। একজন ব্যক্তি তাঁর নাম বেনিফিসিয়াল ওনার হিসাবে রেজিস্ট্রিকৃত করে থাকলে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দিতে পারবেন।
পরিচালকমণ্ডলীর তরফে শ্রী ইয়াকব পোথুমুরি ঔসেফ, কোম্পানি প্র্যাকটিসিং সেক্রেটারিকে স্ক্রুটিনাইজার হিসাবে নিযুক্ত করা হয়েছে পোস্টাল ব্যালট এবং রিমোট ই-ভোটিং প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য।
পোস্টাল ব্যালটের ফলাফল (রিমোট ই-ভোটিং প্রক্রিয়া) ঘোষিত হবে বৃহস্পতিবার ২৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে সকাল ১০.০০টায়। উক্ত ফলাফল স্ক্রুটিনাইজার কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ www.salemerode.com-এ আপলোড করবেন এবং তা সিডিএসএল-এর ওয়েবসাইট : www.evotingindia.com এবং বিএসই লিমিটেড www.bseindia.com -এ যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার নথিভুক্ত রয়েছে। জাতীয় স্তরে লকডাউন চলার কারণে কোভিড-১৯ অতিমারীর সময়ে কোম্পানির তরফ থেকে পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি কোম্পানির রেজিস্টার্ড অফিস থেকে পাঠানো হয়েছে। কোম্পানির নির্ধারিত রিমোট ই-ভোটিংয়ের তারিখ রেগুলেশনের মাধ্যমে নির্ধারিত হয়েছে তা সংখ্যাধিক্য সদস্যদের অনুমোদনক্রমে পাস হবে।
এ ব্যাপারে কোনও অভিযোগ থাকলে সদস্যরা ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেন (এফএকিউএস) এবং ই-ভোটিং ম্যানুয়ালে সিডিএসএল-এর ওয়েবসাইট : www.evotingindia.com -এ অথবা সিডিএসএল-এর মেল আইডি : helpdesk.evoting@cdslindia.com অথবা টোল ফ্রি নম্বর : ১৮০০-২০০-৫৫৩৩ নম্বরে ফোন করে জানাতে পারেন।
এছাড়াও সদস্যরা যোগাযোগ করতে পারেন :
শ্রীমতি মণীশা মেনন
কোম্পানি সেক্রেটারি,
মেসার্স, সালেম এরোড ইনভেস্টমেন্ট লিমিটেড
ভি.কে.কে বিল্ডিং, মেইন রোড, ইরিনজালাকুডা, ত্রিশূর, কেরালা-৬৮০১২১
ফোন নং.৮৫৮৯০ ০০৩৪২, ই-মেল : cs@salemerode.com.

বোর্ডের আদেশানুসারে
সালেম এরোড ইনভেস্টমেন্টস লিমিটেড -এর পক্ষে
স্বাঃ/-
মণীশা মেনন
কোম্পানি সেক্রেটারি
তারিখ : ২২.০১.২০২১
স্থান : ইরিনজালাকুডা

# Oppn UDF moves resolution seeking Kerala Speaker's resignation, walks out during discussion

**THIRUVANANTHAPURAM, JAN 21 /--/** The opposition Congress-led United Democratic Front (UDF) today moved a resolution, against Speaker P Sreeramakrishnan in the Kerala Assembly seeking his resignation, and staged a walkout during the discussion, after which it was rejected by the House. The UDF today moved a resolution in the House against the Speaker in the wake of allegations against him in the dollar smuggling case and over the alleged extravagance in the various construction activities carried out in the Assembly complex.

At the fag end of the nearly four-hour-long discussion, while Sreeramakrishnan was explaining his stand, Leader of Opposition Ramesh Chennithala rose from his seat and announced that since the Speaker was not budging to the demand, the opposition had decided to walkout. Indian Union Muslim League MLAM Ummer presented the resolution and citing the news reports, said "it seems like after the end of the current session of the Assembly, the customs may question the Speaker"."When the Speaker of the Assembly needs to present himself before the Customs for questioning, it will affect the dignity of this House. It's unfortunate to present



*Speaker P Sreeramakrishnan*

this resolution," Ummer said.

Chennithala said the Speaker should step down from the post."He will be known as the most tainted Speaker in the history of Kerala Assembly," Chennithala said and pointed out that the currentSpeaker had during the last government'sterm climbed the daisin protest. However, the treasury bench strongly defended the Speaker and said the resolution itself was "based on hearsay" and some media reports which do not have any backing. Sreeramakrishnan, in his reply said he was "not worried over the imaginatory stories written by some media houses". "I am happy and proud that during a time when the voice of dissent is being muzzled across the country, we are discussing such a matter," the Speaker said. "The Opposition was now targeting me because there is nothing to protest against the government," he said.

The House also witnessed a war of words when the Opposition members asked why the Speaker attended the inauguration of a shop of one of the accused in the gold smuggling case. "What's the evidence against the Speaker? That he went to inaugurate some shop? Let me ask you one question. The Leader of Opposition invited Swapna Suresh, the accused, to an Iftar dinner hosted by him. I would like to ask why he (Chennithala) invited her?" S Sharma CPI(M) legislator asked. Chennithala replied that he invited only the consulate general and not Swapna Suresh to the event.

Chief Minister Pinarayi Vijayan strongly backed the Speaker and said with this resolution, the "political pauperism of the opposition parties" was exposed, adding that there was a conspiracy behind targeting Sreeramakrishnan. "The statement of the accused under section 164 to the court is not in public domain. But the opposition is targeting the Speaker based on the said statement given by the accused recently after months of custody," Vijayan said. The Chief Minister said it was unfortunate that the opposition has brought such a resolution instead ofopposing the "antics of the probe agencies".

The Speaker, in his reply, also defended the expenses incurred in the various refurbishing activities in the Assembly complex and said the contract was given toUralungal Labour Contract Co-operative Society (ULCCS) because of their track record. "The Opposition members are asking why ULCCS was always being considered. I would like to point out that most of the opposition members including the Leader of Opposition have given letters seeking their service for the development activities in their respective constituencies," he said and read out names of the opposition members and the projects undertaken by ULCCS in their constituencies.

